

# বিশ্ববিদ্যালয়ের ক্যালেন্ডার বিকৃত করা হয়েছে জাতির পিতা ও প্রধানমন্ত্রীর ছবি

নিজস্ব প্রতিবেদক

১৬ অক্টোবর ২০১৯ ০০:০০ | আপডেট: ১৬ অক্টোবর ২০১৯ ০০:৩২



বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান  
আমাদের মমতা

যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের চলতি বছরের ডেক্স ক্যালেন্ডারে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনার ছবি বিকৃত করা হয়েছে। হাইকোর্টের নির্দেশে গঠিত উচ্চ ক্ষমতা সম্পর্ক তদন্ত কমিটির প্রতিবেদনে এ প্রমাণ মিলেছে।

এতে বলা হয়েছে, ২০১৯ সালের ডেক্স ক্যালেন্ডার পুনঃমুদ্রিত। পূর্বের (প্রথম) প্রিন্ট করা কপিতে জাতির জনকের ছবি ও প্রধানমন্ত্রীর ছবি ছিন্দ করে স্পাইরাল বাইন্ডিং করা হয়েছে। এ ছাড়া জাতির পিতা ও প্রধানমন্ত্রীর ছবি বিকৃত করা হয়েছে (ছবির মাথা কেটে)। যা প্রথম মুদ্রিত ডেক্স ক্যালেন্ডার থেকে স্পষ্টতই প্রমাণ পাওয়া যায়। তদন্ত প্রতিবেদনে আরও বলা হয়েছে, জাতির পিতা ও প্রধানমন্ত্রীর ছবি ব্যবহারের ক্ষেত্রে যে সর্তর্কতা অবলম্বন করা উচিত ছিল ওই বিশ্ববিদ্যালয়ের ভিসিসহ দায়িত্বপ্রাপ্তরা তা করেননি। এ ক্ষেত্রে কোনোভাবেই তারা দায়িত্ব এড়াতে পারেন না। তাদের ছবি ব্যবহারের ক্ষেত্রে অধিকতর সর্তর্কতা অবলম্বন করা উচিত ছিল।

আগামী রবিবার তদন্ত প্রতিবেদনটি বিচারপতি এফআরএম নাজমুল আহসান ও বিচারপতি কেএম কামরুল কাদেরের সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চে দাখিল করা হবে। গতকাল মঙ্গলবার প্রতিবেদনটি অ্যাটর্নি জেনারেল কার্যালয়ে দাখিল করা হয় বলে জানিয়েছেন ডেপুটি অ্যাটর্নি জেনারেল ব্যারিস্টার এবিএম আবদুল্লাহ আল মাহমুদ বাশার।

তিনি বলেন, এ ধরনের অভিযোগের ক্ষেত্রে কঠোর থেকে কঠোরতর ব্যবস্থা নেওয়া হবে। এখানে শৈখিল্য প্রদর্শনের সুযোগ নেই। কারণ জাতির পিতা এবং প্রধানমন্ত্রীর ছবি বিকৃত করা হয়েছে। যা কোনোভাবেই মেনে নেওয়া যায় না।

advertisement